



মাদকাসক্তদের চিকিৎসাকালীন সময়ে পরিবারকেই সঠিক সহযোগিতা করতে হবে

আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা নিতে আসা পরিবারের সদস্যদের নিয়ে শনিবার পারিবারিক সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত বিশেষজ্ঞরা তাদের বক্তব্যে বলেন, মাদকনির্ভরশীল ব্যক্তির জন্য চিকিৎসাকালীন এবং চিকিৎসা পরবর্তীতে পরিবারকে করতে হবে সঠিক সহযোগিতা, ভয় নয় রাখতে হবে বিশ্বাস। এবারের সভার আলোচ্য বিষয় ছিল 'মাদকাসক্তি একটি মস্তিষ্কের রোগ' এবং মাদকাসক্তি চিকিৎসায় পরিবারের করোনীয় নিয়ে। সভাটি ঢাকা আহুছানিয়া মিশনের স্বাস্থ্য সেক্টরের ট্রেনিং রুমে অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত থেকে আলোচ্য বিষয় নিয়ে আলোচনা করেন ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসাইন্স অ্যান্ড হস্পিটালের মনোচিকিৎসক সহযোগী অধ্যাপক ডা. এমএম জালাল উদ্দিন এবং ঢাকা আহুছানিয়া মিশনের সিনিয়র কাউন্সিলর এবং এডিকশন প্রফেশনাল মো. আমির হোসেন। সভার শুরুতে আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার উম্মে জালাত স্বাগত বক্তব্য রাখেন। পরবর্তী সময় নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের কাউন্সিলর ফাইরুজ জিহান সভার আলোচ্য বিষয়ে সচিত্র উপস্থাপনা করেন। সভায় মুক্ত আলোচনা পর্বে অভিভাবকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন আলোচকরা। রিকোভারি শেয়ারিং পর্বে মাদকাসক্ত থেকে সুস্থতাপ্রাপ্ত এক নারী তার অভিজ্ঞতা শেয়ার করেন। আহুছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের পক্ষ থেকে আলোচনা সভায় অভিভাবকদের অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভা শেষ করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি

March-30

পরিবারকেই করতে হবে সঠিক সহযোগীতা- ভয় নয়, রাখতে হবে বিশ্বাস

পারিবারিক সভায় এ কথা বলেন উপস্থিত বিশেষজ্ঞগণ

পরিবারকেই করতে হবে সঠিক সহযোগীতা- ভয় নয়, রাখতে হবে বিশ্বাস

নতুন বার্তা, ঢাকা:

Published : Saturday, 30 March, 2019 at 10:18 PM



আজ ৩০ মার্চ ২০১৯ ইং তারিখে আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে চিকিৎসা নিতে আসা পরিবারের সদস্যদের নিয়ে পারিবারিক সভার আয়োজন করা হয়। এই সভায় উপস্থিত বিশেষজ্ঞগণ তাদের বক্তব্যে বলেন মাদকনির্ভরশীল ব্যক্তির জন্য চিকিৎসাকালীন এবং চিকিৎসা পরবর্তীতে পরিবারকে করতে হবে সঠিক সহযোগীতা ভয় নয় রাখতে হবে বিশ্বাস। এবারের সভার আলোচ্য বিষয় ছিলো “মাদকাসক্তি একটি মস্তিকের রোগ” এবং মাদকাসক্তি চিকিৎসায় পরিবারের করণীয় নিয়ে। সভাটি ঢাকা আহছানিয়া মিশনের স্বাস্থ্য সেস্তরে অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত ছিলেন ও আলোচ্য বিষয় নিয়ে আলোচনা করেন ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসাইন্সে এন্ড হসপিটাল এর মনোচিকিৎসক সহযোগী অধ্যাপক ডাঃ এম এম জালাল উদ্দিন এবং ঢাকা আহছানিয়া মিশনের সিনিয়র কাউন্সেলর এবং এডিকশন প্রফেশনাল

মোঃ আমির হোসেন। সভার শুরুতে আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের প্রোগ্রাম অফিসার, উম্মে জাম্মাত স্বাগত বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের কাউন্সেলর ফাইরুজ জিহান সভার আলোচ্য বিষয়ে সচিত্র উপস্থাপনা করেন। সভায় মুক্ত আলোচনা পর্বে অভিভাবকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন আলোচকগণ। রিকোভারী শেয়ারিং পর্বে মাদকাসক্ত থেকে সুস্থতাপ্রাপ্ত একজন নারী রিকোভারী তার সুস্থ্যতার অভিজ্ঞতা শেয়ার করেন। সবশেষে আহছানিয়া মিশন নারী মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের পক্ষ থেকে সকল অভিভাবককে উক্ত প্রোগ্রামে উপস্থিত থেকে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভা শেষ করা হয়। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

<http://www.natun-barta.com/45351/151/পরিবারকেই-করতে-হবে-সঠিক-সহযোগীতা--ভয়-নয়,-রাখতে-হবে-বিশ্বাস>